

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
সাতক্ষীরা।

স্মারক নং- ১৭.০৫.০০০.৮৭০০.৫১.০০৩.১২.১০৩

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ।


নিয়োগ বিজ্ঞপ্তি

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা এর ২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ১৭.০৫.০০০০.০০০.০৬.০০১.১৭-৬৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী স্মার্ট কার্ড বিতরণের লক্ষ্যে সাতক্ষীরা জেলা নির্বাচন অফিসারের কার্যালয়ের অধীন নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রম চলাকালীন সময়ের জন্য নিয়োগের নিমিত্তে সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪
০১	টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট/ টিম লিডার	০১ টি	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে।
০২	অপারেটর	১৫ টি	ন্যূনতম এইচ.এস.সি পাশ হতে হবে। টাইপিং স্পীড: বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ থাকতে হবে। শুদ্ধ বাংলা এবং ইংরেজিতে পারদর্শী হতে হবে। কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার এর জ্ঞান থাকতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
০৩	টিম সহযোগী	০৯ টি	কমপক্ষে এস,এস,সি পাশ হতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলী :

- আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জাতীয়তা, জন্ম তারিখ, ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখে
- প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, ব্যাংকের নাম ও হিসাব নম্বর, মোবাইল নম্বর এবং পূর্ব অভিজ্ঞতা অবশ্যই উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম প্রেরণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
- যে পদের জন্য আবেদন করা হবে স্পষ্ট অক্ষরে সে পদের নাম উপরে লিখতে হবে।
- আবেদনকারীগণকে ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- আবেদনপত্র “ জেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা” বরাবরে আগামী ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- কেবলমাত্র উপর্যুক্ত বিবেচিত প্রার্থীদের আগামী ১৯/০২/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিলকৃত কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে।
- অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণদর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বেশী করার ক্ষমতা সংরক্ষণ করবে।


(এম.মাজহারুল ইসলাম)
জেলা নির্বাচন অফিসার
সাতক্ষীরা।


ফোন-০৪৭১৬৩৩৫৭

স্মারক নং- ১৭.০৫.০০০.৮৭০০.৫১.০০৩.১২.১০৩

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা,(সকল) সাতক্ষীরা।
- উপজেলা নির্বাচন কর্মকর্তা,(সকল) সাতক্ষীরা।
- নোটিশ বোর্ড।


(এম.মাজহারুল ইসলাম)
জেলা নির্বাচন অফিসার
সাতক্ষীরা।